# সাত দিনের ব্যবধানে আবারও ভূমিকম্প, উৎপত্তিস্থল যশোর



সংগৃহীত ছবি

দেশে এক সপ্তাহের মধ্যে ফের ভূমিকম্প আঘাত হেনেছে। শনিবার দুপুরে যশোরের মনিরামপুরে ৩ দশমিক ৫ মাত্রার ভূমিকম্প রেকর্ড হয়। চলতি মাসে এটিই তৃতীয় ভূমিকম্প।

বাংলাদেশে ভূমিকম্পের প্রবণতা ফের আলোচনায়। সাত দিনের মাথায় আবারও কেঁপে উঠল দেশ। শনিবার (২৭ সেপ্টেম্বর) দুপুর ২টা ২৭ মিনিটে যশোরের মনিরামপুর উপজেলাকে কেন্দ্র করে ভূমিকম্প অনুভূত হয়। রিখটার স্কেলে এর মাত্রা ধরা পড়ে ৩ দশমিক ৫।

আবহাওয়া অধিদফতরের ভূমিকম্প পর্যবেক্ষণ ও গবেষণা কেন্দ্রের তথ্য অনুযায়ী, ভূমিকম্পটির উৎপত্তিস্থল ছিল মনিরামপুর। রাজধানী ঢাকা থেকে যার দূরত্ব প্রায় ১৫৭ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে।

চলতি মাসে এটি তৃতীয় ভূমিকম্প। এর আগে ১৪ সেপ্টেম্বর ভারতের আসামে ৫ দশমিক ৮ মাত্রার ভূমিকম্প আঘাত হানে। আর ২১ সেপ্টেম্বর সিলেট বিভাগের সুনামগঞ্জের ছাতকে ৪ মাত্রার ভূমিকম্প অনুভূত হয়।

LENS ASIA